গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং ৩৩.০১.৪৯১৮.০০০.১৮.০০১.১৯.২০৭ তারিখ ঃ ২১ জ্যৈষ্ঠ ১৪৩০ / ০৪ জুন ২০২৩

## নোটিশ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৬ জুন ২০২৩ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর অফিস কক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আব্দুল লতিফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি ঃ**

১। বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
২। উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিভাগের সার্বিক বিষয় নিয়ে আলোচনা ।
৩। বিবিধ।

০৪/০৬/২০২৩

(মোঃ আরিফুর রহমান কনক)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
ও সদস্য সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

..............................................................................
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪। ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

## পরিশিষ্ট- "ক"

### মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির হাজিরা স্বাক্ষরঃ

স্থানঃ উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম। সভার তারিখ: ০৬ জুন ২০২৩ খ্রি.।

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ আব্দুল লতিফ | ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সভাপতি | |
| ২ | মোঃ মনিরুজ্জামান মানিক | চেয়ারম্যান<br>কাশিপুর ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৩ | মোছাঃ নিলুফা ইয়াছমিন | উপজেলা কৃষি অফিসার<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৪ | মোঃ রায়হান উদ্দিন সরদার | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৫ | মোঃ আরিফুর রহমান কনক | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য-সচিব | |

## উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিষয় ঃ মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ আব্দুল লতিফ
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

তারিখ ঃ ০৬ জুন ২০২৩ খ্রি.।
স্থান ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট- "ক" তে দেখানো হলো।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরনী পাঠ করে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হওয়ায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সদস্য-সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ কমিটিকে আহবান জানানো হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয়-১ ঃ উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক সার্বিক আলোচনা | | |
|---|---|---|
| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরও জানান যে, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর আওতায় সারা বাংলাদেশে ৩০০টি স্কুলে স্কুল মিল্ক ফিডিং প্রোগ্রাম চালু হতে যাচ্ছে। ইতোমধ্যে কুড়িগ্রাম জেলার সকল উপজেলায় একটি করে স্কুলের নাম প্রস্তাব করা হলেও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলার জন্য কোন স্কুলের নাম বরাদ্দ রাখা হয়নি। অথচ কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলায় ০২(দুই)টি স্কুলের নাম প্রস্তাব করা হয়েছে। এ বিষয়ে তিনি যাতে কুড়িগ্রাম জেলাধীন ফুলবাড়ী উপজেলার ০১(এক)টি স্কুলের নাম প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর বরাদ্দ তালিকায় অন্তর্ভুক্ত করার বিষয়ে সম্মানিত সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় আলোনান্তে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর বরাদ্দ তালিকায় কুড়িগ্রাম জেলাধীন ফুলবাড়ী উপজেলার ০১(এক)টি স্কুলের নাম অন্তর্ভুক্ত করার নিমিত্ত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে পত্র দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| আলোচ্য বিষয়-২ ঃ উপজেলা মৎস্য অফিস সংক্রান্ত সার্বিক আলোচনা | | |
| উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, ফুলবাড়ী উপজেলার বিভিন্ন ইউনিয়নে ০৩টি বিল নার্সারি ও ০১টি প্রদর্শনী খামার স্থাপন (গুলশা, পাবদা) করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ মৎস্য চাষ উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ আব্দুল লতিফ)
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও সভাপতি
মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

(চলমান)

স্মারক নং-৩৩.০১.৪৯১৮.০০০.১৮.০০১.১৯.২০৭ তারিখ : ২৪ জ্যৈষ্ঠ ১৪৩০ / ০৭ জুন ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম ।

৩। চেয়ারম্যান, ...................................... ইউপি, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

৪। জনাব ......................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।

৫। অফিস কপি।

07/06/2023

(মোঃ আরিফুর রহমান কনক)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
ও সদস্য সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।